# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২২: হিতাকাঙ্ক্ষিতার গুরুত্ব

## (22) ـ باب النصيحة

আরবী

عَنْ أَبِي رُقَيَّةَ تَمِيمِ بنِ أوسٍ الدَّارِيِّ رضي الله عنه : أَنَّ النَّبيّ صلى الله عليه وسلم، قَالَ : «الدِّينُ النَّصِيحةُ» قُلنَا : لِمَنْ ؟ قَالَ: «لِلهِ وَلِكِتَابِهِ وَلِرَسُولِهِ وَلأئِمَّةِ المُسْلِمِينَ وَعَامَّتِهِمْ». رواه مسلم

বাংলা

আল্লাহ তা’আলা বলেন,

﴿ إِنَّمَا ٱلۡمُؤۡمِنُونَ إِخۡوَةٞ ﴾ [الحجرات: ١٠]

অর্থাৎ “সকল ঈমানদাররা তো পরস্পর ভাই ভাই।” (সূরা হুজরাত ১০ আয়াত)

তিনি নূহ আলাইহিস সালাম-এর কথা উল্লেখ করে বলেছেন,

﴿ وَأَنصَحُ لَكُمۡ ﴾ [الاعراف: ٦٢]

অর্থাৎ “(নূহ বলল,) আমি তোমাদেরকে উপদেশ দিচ্ছি (বা হিতকামনা করছি)।” (সূরা আ’রাফ ৬২ আয়াত)

তিনি হূদ আলাইহিস সালাম-এর কথা উল্লেখ করে বলেছেন,

﴿ وَأَنَا۠ لَكُمۡ نَاصِحٌ أَمِينٌ ﴾ [الاعراف: ٦٨]

অর্থাৎ “(হূদ বলল,) আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত উপদেষ্টা (বা হিতাকাঙ্ক্ষী)।” (সূরা আ’রাফ ৬৮ আয়াত)

হাদীসসমূহ:-

১/১৮৬। আবূ রুক্বাইয়াহ তামীম ইবনু আওস আদ-দারী রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম বলেন, ”দ্বীন হল কল্যাণ কামনা করার নাম।” আমরা বললাম, ’কার জন্য?’ তিনি বললেন, ”আল্লাহর জন্য, তাঁর কিতাবের জন্য, তাঁর রাসূলের জন্য, মুসলিমদের শাসকদের জন্য এবং মুসলিম জনসাধারণের জন্য।[1]

## English

(22) Chapter: Giving Counsel

Tamim bin Aus Ad-Dari (May Allah be pleased with him) reported:
The Prophet (ﷺ) said, "Ad-Deen is sincerity". We said: "For whom?" He replied, "For Allah, His Book, His Messenger and for the leaders of the Muslims and their masses".

[Muslim].

### ফুটনোট

[1] মুসলিম ৫৫, নাসায়ী ৪১৯৭, ৪১৯৮, আবূ দাউদ ৪৯৪৪, আহমাদ ১৬৪৯৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22521

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন